দৈনিক জনকণ্ঠ

তারিখ AUG. 02 1999
পৃষ্ঠা 2 কলাম 2

## বিভিন্ন পরীক্ষা স্থগিত

৩ আগস্ট থেকে ৮ আগস্ট পর্যন্ত তেজগাঁওস্থ পুরনো বিমানবন্দর ভবনে বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়ের প্রধান কার্যালয়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীনস্থ যুব উন্নয়ন অধিদফতরের সহকারী পরিচালক পদের যে সাক্ষাতকার (মৌখিক পরীক্ষা) অনুষ্ঠিত হওয়ার কথা ছিল তা অনিবার্য কারণবশত স্থগিত করা হয়েছে। পরীক্ষার পরবর্তী তারিখ ও সময় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে যথাসময়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হবে। -তথ্য বিবরণী।

### শহীদ মনসুর আলী মেডিক্যাল কলেজ

শহীদ মনসুর আলী মেডিক্যাল কলেজ ও হাসপাতালের কর্মচারী নিয়োগের জন্য ২ ও ৩ আগস্ট অনুষ্ঠিতব্য পরীক্ষা অনিবার্য কারণে স্থগিত করা হয়েছে। স্থগিতকৃত পরীক্ষা যথাক্রমে ১০ ও ১১ আগস্ট বেলা ১টায় অনুষ্ঠিত হবে। ৪, ৫, ৭, ৮ ও ৯ আগস্টে অনুষ্ঠিতব্য পরীক্ষাসমূহ বেলা ১টায় অনুষ্ঠিত হবে। ৬ আগস্টে সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে। -বিজ্ঞপ্তি।

### বুয়েটে পরীক্ষা শুরু

বুয়েটের বিভিন্ন অনুষদের টার্ম ফাইনাল পরীক্ষাসমূহ গত রবিবার ১ আগস্ট থেকে শুরু হয়েছে। -বিজ্ঞপ্তি।

76